শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাই স্কুল)

বিষয় - ইতিহাস

শ্রেণি – নবম

পঞ্চম অধ্যায় - বিংশ শতকে ইউরোপ

একক - রুশ বিপ্লব

১৯১৪-১৯১৮ খ্রিস্টাব্দ পর্যন্ত সংঘটিত প্রথম বিশ্বযুদ্ধের অভিঘাতে ইউরোপে নানা উল্লেখযোগ্য ঘটনা ঘটে। এর মধ্যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ছিল রুশ বিপ্লব। আজ আমরা এই রুশ তথা বলশেভিক বিপ্লবের কারণ, বিভিন্ন পর্যায় ও প্রভাব বা ফলাফল নিয়ে আলোচনা করব।

আলোচ্য পাঠ্যের সঙ্গে সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য গুলি হল –

রুশ বিপ্লব - ১৯১৭ খ্রিস্টাব্দে যে বিপ্লবের মধ্য দিয়ে রাশিয়ায় জারতন্ত্রের অবসান ঘটে এবং সমাজতান্ত্রিক রাশিয়া প্রতিষ্ঠিত হয়, তাই রুশ বিপ্লব নামে খ্যাত।

জারতন্ত্র - ১৬১৩ খ্রিস্টাব্দে মিখাইল রোমানভ, রাশিয়ায় রোমানভ বংশের প্রতিষ্ঠার মধ্য দিয়ে যে শাসনতন্ত্রের সূচনা করেন তাই জারতন্ত্র নামে খ্যাত।

- ১৫৪৭ খ্রিস্টাব্দে রাজা চতুর্থ আইভান প্রথম জার উপাধি গ্রহণ করেন।
- জার দ্বিতীয় নিকোলাসের রাজত্বকালে (১৮৯৪ - ১৯১৭ খ্রিস্টাব্দ) রুশ বিপ্লব সংঘটিত হয়।

রুশীকরণ নীতি - রোমানভ বংশীয় জার শাসিত রাশিয়াতে শতকরা কুড়ি ভাগ ছিল অরুশ জনগণ। ১৯০৫ খ্রিস্টাব্দের বিপ্লবের পর জার সরকার এই অরুশ জাতিগুলির উপর রুশ ভাষা, সংস্কৃতি ও কৃষ্টি চাপিয়ে দেয় এবং তাদের ওপর তিনগুণ বেশি কর আরোপ করে। এই রুশীকরণ নীতির বিরুদ্ধে অরুশ জাতিগোষ্ঠী গুলি নিজ নিজ স্বাতন্ত্র্য রক্ষা করতে জার তন্ত্রের বিরুদ্ধে সংগ্রামে নামে।

রক্তাক্ত রবিবার - ১৯০৫ খ্রিস্টাব্দের ৯ জানুয়ারি রবিবার রাশিয়ার সেন্ট পিটার্সবার্গে ফাদার গ্যাপন নামক এক ধর্মযাজকের নেতৃত্বে প্রায় ৬ হাজার শ্রমিক কারখানায় কাজের সময় সীমা কমিয়ে ৮ ঘণ্টা করা, সংবিধান সভা আহবান প্রভৃতির দাবিতে শান্তিপূর্ণ মিছিল করে। জার সরকারের পুলিশ বাহিনী এই মিছিলের উপর নির্বিচারে গুলি চালালে বহু শ্রমিক হতাহত হয়। এই হত্যাকাণ্ডের ঘটনা **'রক্তাক্ত রবিবার'** নামে পরিচিত।

এপ্রিল থিসিস - ১৯১৭ খ্রিস্টাব্দে বলশেভিক নেতা লেনিন বিখ্যাত 'এপ্রিল থিসিস' ঘোষণা করে বলেন যে বুর্জোয়াদের ক্ষমতা কেড়ে নিয়ে সোভিয়েত গুলির হাতে ক্ষমতা তুলে দিতে হবে। তিনি শ্রমিক, সৈনিক ও সাধারণ মানুষকে ঐক্যবদ্ধ করে সর্বহারার একনায়কতন্ত্র প্রতিষ্ঠার আহ্বান জানান।তিনি ঘোষণা করেন যে বলশেভিকরা ক্ষমতা পেলে সৈনিকরা পাবে শান্তি, কৃষকরা পাবে জমি ও শ্রমিকরা পাবে রুটি।

NEP বা নিউ ইকনোমিক পলিসি - বলশেভিক দল ক্ষমতায় আসার পর লেনিন **'যুদ্ধকালীন সাম্যবাদ'** থেকে সরে এসে এক নতুন অর্থনৈতিক নীতি ঘোষণা করেন যা **'নিউ ইকোনমিক পলিসি'** নামে পরিচিত।এই নীতি অনুযায়ী কৃষকদের উৎপাদনের উপর সরকার নির্দিষ্ট হারে কর চাপায়। ছোট শিল্প-কলকারখানা, অভ্যন্তরীণ বাণিজ্যের ক্ষেত্রে সরকারি নিয়ন্ত্রণ তুলে নেওয়া হয়। শুধুমাত্র বড় শিল্প, কলকারখানা ও বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে সরকারি নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়।

রুশ বিপ্লবের কারণ

- রাজনৈতিক কারণ
  - স্বৈরাচারী জারতন্ত্র
  - দুর্বল জারতন্ত্র
- সামাজিক কারণ
  - অনগ্রসর সমাজ
  - রুশীকরণ নীতি
- অর্থনৈতিক কারণ
  - কৃষক শ্রমিক দের দুরবস্থা
  - ১৮৯১-১৮৯২ খ্রিস্টাব্দের মন্বন্তর
  - মুদ্রাস্ফীতি
- সাহিত্যিক ও দার্শনিকদের অবদান
  - পুশকিন, গোর্কি, টলস্টয়, চেখভ প্রমুখের রচনাবলীর প্রভাব।
- প্রত্যক্ষ কারণ
  - প্রথম বিশ্বযুদ্ধের প্রভাব -
  - রাজকোষের অর্থাভাব,
  - বিদেশী ঋণ বৃদ্ধি,
  - মূল্যবৃদ্ধি, সৈন্যক্ষয় ।

রুশ বিপ্লবের তিনটি পর্যায়

১) ১৯০৫ খ্রিস্টাব্দের বিপ্লব।(রক্তাক্ত রবিবার) জারতন্ত্রের অবক্ষয়ের সূচনা।

২) ১৯১৭ খ্রিস্টাব্দের মার্চ বিপ্লব। জারতন্ত্রের অবসান। অস্থায়ী বুর্জোয়া প্রজাতান্ত্রিক সরকারের প্রতিষ্ঠা ও ব্যর্থতা। (লেনিনের এপ্রিল থিসিস এর ঘোষণা)।

৩) ১৯১৭ খ্রিস্টাব্দে লেনিনের নেতৃত্বে নভেম্বর বা বলশেভিক বিপ্লব, এবং রাশিয়ায় সমাজতন্ত্রের প্রতিষ্ঠা ।

রুশ বিপ্লবের ফলাফল

১) রাশিয়ায় সাম্যবাদী সমাজ প্রতিষ্ঠা।

2) বিশ্বের প্রথম সাম্যবাদী সমাজতান্ত্রিক রাষ্ট্র রূপে ইউ.এস.এস.আর. (ইউনিয়ন অব সোভিয়েত সোসালিস্ট রিপাবলিক) এর আত্মপ্রকাশ।

3) রাশিয়ায় লেনিনের নিউ ইকনোমিক পলিসি ঘোষণা।

HOME ASSIGNMENT

১) একটি-দুটি শব্দ উত্তর দাও: **প্রতি প্রশ্নের মান ১**

১.১) কে, কবে প্রথম জার উপাধি গ্রহণ করেন?

১.২) রাশিয়ার পার্লামেন্টের নাম কি ছিল?

১.৩) কবে, কোন জারের রাজত্বকালে রুশ বিপ্লব হয়?

১.৪) পৃথিবীর প্রথম সমাজতান্ত্রিক-সাম্যবাদী রাষ্ট্র কোনটি?

২) দুটি তিনটি বাক্যে উত্তর দাও- **প্রতি প্রশ্নের মান ২**

২.১) জারতন্ত্র কাকে বলে?

২.২) রুশীকরণ নীতি কি?

২.৩) রক্তাক্ত রবিবার বলতে কী বোঝো?

২.৪) এপ্রিল থিসিসে কি বলা হয়?

২.৫) রুশ বিপ্লবের কয়টি পর্যায় ছিল? কি কি?

৩) সাত-আটটি বাক্যে উত্তর দাও- **প্রতি প্রশ্নের মান ৪**

৩.১) টীকা লেখ- NEP

৪) পনেরো-ষোলোটি বাক্যে উত্তর দাও **প্রশ্নের মান ৮**

৪.১) রুশ বিপ্লবের কারণগুলি আলোচনা করো।

**** অধ্যায়টি বুঝতে কোন অসুবিধা হলে কমেন্ট বক্স করে নিজের নাম শ্রেণীবিভাগ ক্রমিক সংখ্যা ও ফোন নম্বরসহ লিখে পাঠাও। বিদ্যালয়ের পক্ষ থেকে ফোনের মাধ্যমে সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করা হবে।**